


# ସୁରାତ୍ତମ୍

চবিতে ছাত্রলীগের দু'গ্রন্থপের সংঘর্ষে ১০ জন আহত

প্রকাশ : ০১ মার্চ ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে ১০ জন আহত হয়েছে। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আবু সাইদ ও সাবেক সহসভাপতি রেজাউল হক রংবেলের সমর্থকদের মধ্যে বুধবার রাতে ও বৃহস্পতিবার দুপুরে সংঘর্ষ হয়। ঘটনার সঙ্গে জড়িত ৪ জনকে আটক করেছে পুলিশ। দুটি গ্রুপই শিক্ষা উপমন্ত্রী ও কেন্দ্রীয় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মহিবুল হাসান নওফেলের অনুসারী।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, বুধবার সন্ধিয়ায় সোহরাওয়ার্দী হলের পাশের একটি দোকানে রংবেল গ্রুপ ও সাইদ গ্রুপের কর্মীদের মধ্যে বাকবিতগ্ন হয়। একপর্যায়ে রংবেল গ্রুপের নেতা সোয়েবুর রহমান কনক সাইদ গ্রুপের কাঁকনকে মারধর করে। সিনিয়রদের হস্তক্ষেপে সেটি মীমাংসা হলেও রাত সাড়ে দশটার দিকে কনক ও আখলাছ সোহরাওয়ার্দী হলের মোড়ে গেলে সাইদ গ্রুপের কর্মীরা তাদের মারধর করে। এ সময় আখলাছের মোটরসাইকেলে আগুন দেয়া হয়। হামলার খবর ছড়িয়ে পড়লে শহীদ আবদুর রব হল ও শাহ আমানত হল থেকে রংবেল গ্রুপ ও সোহরাওয়ার্দী হল থেকে সাইদ গ্রুপের কর্মীরা দেশীয় অন্তর্শস্ত্র নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। উভয় গ্রুপের মধ্যে কয়েক দফা ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষ চলে। এ সময় তিনজন আহত হয়। পরে বৃহস্পতিবার দুপুরে উভয় গ্রুপের মধ্যে আবার ধাওয়া-পাল্টাধাওয়া হয়। এ সময় সোহরাওয়ার্দী হলের প্রায় ২০টি কক্ষ ভাংচুর করা হয়। এক পর্যায়ে পুলিশ লাঠিচার্জ করে উভয় পক্ষকে সরিয়ে দেয়। এ সময় ৫টি রামদা উদ্বার করে পুলিশ। সংঘর্ষে ছয়জন আহত হয়।

জানতে চাইলে বিশ্ববিদ্যালয় ছাত্রীগের সাবেক সহসভাপতি রেজাউল হক রঞ্জিত বলেন, কোনো উসকানি ছাড়াই প্রতিপক্ষের কর্মীরা গত কয়েকদিন ধরে আমাদের কর্মীদের ওপর চড়াও হয়। ফলে তারা সম্মিলিতভাবে তাদের অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ায়।

সাবেক যুগ্ম সম্পাদক আবু সাইদ বলেন, কুবেলের কর্মীরা আমাদের ওপর অতর্কিত হামলা করে। আমরা এ ঘটনার সুষ্ঠু বিচার দাবি করছি। না হলে চবি ছাত্রলীগ কঠোর কর্মসূচি দেবে।

হাটজাহারী থানার ওসি বেলাল মোহাম্মদ জাহান্তীর বলেন, সংঘর্ষে জড়িত থাকার অভিযোগে ৪ জনকে আটক করা হয়েছে বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড়), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমনা প্রিন্টিং এন্ড প্রাবলিশিং লিঃ থেকে মন্তিত।

পিএবিএক্স : ৯৮২৪৮০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪৮০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪৮০৬২, ফ্যাক্স : ৯৮২৪৮০৬৩, সার্কেলেশন : ৯৮২৪৮০৭২১, ফ্যাক্স : ৯৮২৪৮০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।